

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য প্রফেসর ভিনসেন্ট চ্যাং

১৮:১৭, ১৩ ফেব্রুয়ারি, ২০১৯

দেশের অন্যতম শীর্ষস্থানীয় বেসরকারি বিশ্ববিদ্যালয় ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন প্রফেসর ভিনসেন্ট চ্যাং। গত সোমবার তিনি বিশ্ববিদ্যালয়টির উপাচার্য হিসেবে যোগ দিয়েছেন বলে বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। এর আগে উপাচার্যের পদে দায়িত্ব পালন করছিলেন উপ-উপাচার্য প্রফেসর মোহাম্মদ তামিম।

প্রফেসর ভিনসেন্ট চ্যাংয়ের বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা, গবেষণা এবং প্রশাসনে তিন দশকেরও বেশি সময় ধরে কাজের অভিজ্ঞতা রয়েছে। যুক্তরাষ্ট্রের বার্কলে-তে অবস্থিত ইউনিভার্সিটি অফ ক্যালিফোর্নিয়া থেকে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড কম্পিউটার সায়েন্সে তিনি তাঁর প্রথম পিএইচডি লাভ করেন। পরে এমআইটি থেকে অর্থনীতিতে দ্বিতীয় পিএইচডি লাভ করেন। ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে যোগদানের আগে তিনি চীনের শেনঝেন-এ অবস্থিত দ্য চাইনিজ ইউনিভার্সিটি অফ হংকংয়ে প্র্যাকটিসিজ অফ ম্যানেজমেন্ট ইকোনোমিক্স বিভাগে অধ্যাপক এবং ইনস্টিটিউশনাল ডেভেলপমেন্ট বিভাগের প্রধান ছিলেন।

এর আগে তিনি ওমানের মাসকটে ইউনিভার্সিটি অফ বিজনেস টেকনোলজিতে প্রতিষ্ঠাকালীন প্রেসিডেন্ট এবং পরিকল্পনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়া তিনি যুক্তরাষ্ট্রের ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অফ টেকনোলজি (এমআইটি) এবং যুক্তরাষ্ট্র সরকারের ফেডারেল রিজার্ভ বোর্ডের দায়িত্বপূর্ণ পদে কর্মরত ছিলেন।

আরও পড়ুন: [জামিন বাতিল, শাফাত আবার কারাগারে](#)

শিক্ষাজীবনে হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের কেনেডি স্কুল অফ গভর্নমেন্ট থেকে লোক প্রশাসনে এবং যুক্তরাষ্ট্রের ইয়েল ইউনিভার্সিটির স্কুল অফ ম্যানেজমেন্ট থেকে ব্যবসা প্রশাসনে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন ভিনসেন্ট চ্যাং। এছাড়াও তিনি তাইওয়ানের ন্যাশনাল তাইওয়ান ইউনিভার্সিটি থেকে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। উচ্চ পর্যায়ে শিক্ষা ও

গবেষণা, ফরচুন ৫০০, ওয়াল স্ট্রিট, সিলিকন ভ্যালি ও ব্যবসায় উদ্যোগের ক্ষেত্রে মার্কিন যুক্তরাষ্ট্র, ইউরোপ, চীন, পূর্ব এশিয়া ও মধ্যপ্রাচ্য থেকে বিভিন্ন সময়ে শীর্ষ পর্যায়ে স্বীকৃতি লাভ করেছেন চ্যাং।